রেজিঃ উইথ এ/ডি

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
# BANGLADESH WATER DEVELOPMENT BOARD


শৃঙ্খলা পরিদপ্তর
পানি ভবন (লেভেল-৭)
৭২, গ্রীনরোড, ঢাকা-১২০৫
ফোনঃ ০২২২২২৩০০৭৬
dir.discipline.bwdb@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

Directorate of Discipline
Pani Bhaban (Level-7)
72, Green Road, Dhaka-1205
Phone : 02222230076
dir.discipline.bwdb@gmail.com
Website: www.bwdb.gov.bd


স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩১৫.২৫-০৩

তারিখঃ ২৪-০৯-১৪৩২বঃ
০৮-০১-২০২৬ খ্রিঃ

বিষয়ঃ চাকরি হতে "বরখাস্ত" (dismissal from service) দণ্ড আরোপের লক্ষ্যে কারণ দর্শানো প্রসঙ্গে।

যেহেতু, আপনি জনাব হামিদা ফারজানা, আইডি নং-৮৮০৯২৮০০১, উর্ধ্বতন হিসাব সহকারী, হিসাব রক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা এর অনুকূলে সন্তানসহ আপনার স্বামীর সাথে দেখা করার উদ্দেশ্যে গত ১১/০৫/২০২৪ খ্রি. হতে অথবা যাত্রার তারিখ হতে যুক্তরাজ্য (লন্ডন) গমনের জন্য বাপাউবো কর্মকর্তা কর্মচারী প্রবিধানমালা ২২(১) ধারা মোতাবেক ৬০ (ষাট) দিন পূর্ণগড় বেতনে বহিঃবাংলাদেশ ছুটি মঞ্জুর করা হয়। সে হিসেবে ০৯/০৭/২০২৪ খ্রি. তারিখে তার ৬০ (ষাট) দিন বহিঃবাংলাদেশ ছুটির মেয়াদ শেষ হয়। কিন্তু, আপনি নির্ধারিত সময়ে দপ্তরে যোগদান না করায় আপনার দপ্তর হতে অনুপস্থিতির কারণ দপ্তরকে অবহিত করণের নিমিত্ত আপনাকে বিভিন্ন সময়ে তিনটি পত্র প্রেরণ করা হয়। কিন্তু, আপনি উক্ত পত্রসমূহের কোন জবাব অদ্যাবধি প্রেরণ করেন নি বা দপ্তরের সাথে কোনোরূপ যোগাযোগ করেন নি। আপনি অদ্যাবধি কাজে যোগদান না করে অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন, যা বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ অনুযায়ী দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও পলায়নের শামিল এবং এরূপ কার্যের জন্য আপনার ওপর যে কোন দণ্ড আরোপযোগ্য।

২। যেহেতু, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ মোতাবেক প্রস্তাবিত দণ্ড কেন আপনার ওপর আরোপ করা হবে না সে লক্ষ্যে অত্র দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩১৫.২৫-১১৫; তারিখঃ ২৫/০৫/২০২৫ খ্রিঃ মোতাবেক অভিযোগনামা প্রেরণ পূর্বক কার্যধারা সূচনা করতঃ প্রবিধানমালার প্রবিধান ৫২(১)(খ) অনুযায়ী উক্ত অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্য দিবসের মধ্যে আত্মপক্ষ সমর্থনের স্বপক্ষে লিখিত বিবৃতি দাখিলের জন্য আপনাকে পত্র প্রেরণ করা হলে আপনি জবাব দাখিল হতে বিরত রয়েছেন।

৩। যেহেতু, আপনার বিরুদ্ধে সূচিত কার্যধারায় আনীত অভিযোগনামার জবাব দাখিল হতে বিরত থাকায় কার্যধারায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য অত্র দপ্তরের দপ্তরাদেশ নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩১৫.২৫-১৫৫; তারিখঃ ১৬/০৭/২০২৫ খ্রিঃ মোতাবেক একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। নিয়োগকৃত তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক রেকর্ডপত্র পর্যালোচনান্তে আপনার বিরুদ্ধে অভিযোগনামায় আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় আপনি দোষী সাব্যস্ত হয়েছেন এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯ (১)(খ)(উ) মোতাবেক আপনাকে বাপাউবো'র চাকরি হতে "বরখাস্ত" (dismissal from service) দণ্ড আরোপ করার জন্য কর্তৃপক্ষ কর্তৃক প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

৪। সেহেতু, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) মোতাবেক আপনার ওপর কেন "চাকরি হতে বরখাস্ত" (dismissal from service) দণ্ড চূড়ান্তভাবে আরোপ করা হবে না, বর্ণিত প্রবিধানমালার প্রবিধান ৫২(৬) মোতাবেক ০৭(সাত) কার্য দিবসের মধ্যে মহাপরিচালক, বাপাউবো মহোদয় বরাবর কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। উক্ত প্রবিধানমালার প্রবিধান ৫২(৫) মোতাবেক তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

৫। এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন রয়েছে।

সংযুক্তিঃ তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি।

৮.১.২৬

(মোঃ আতিকুর রহমান)
পরিচালক (অঃদাঃ)
পরিচিতি নম্বর-৬৮০২২৫০০১

অঃপৃঃদ্রঃ

**প্রাপকঃ**

১। জনাব হামিদা ফারজানা, উর্ধ্বতন হিসাব সহকারী, হিসাবরক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
২। জনাব হামিদা ফারজানা, উর্ধ্বতন হিসাব সহকারী, ২২৬, পশ্চিম ধানমন্ডি, রোড-১৯(পুরাতন), ঢাকা-১২০৯।

**কার্যার্থে/জ্ঞাতার্থেঃ**

১। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। কারণ দর্শানো নোটিশটি দুইটি বহুল প্রচারিত দৈনিক পত্রিকায় (বাংলা ও ইংরেজি) প্রকাশের ব্যবস্থা গ্রহণপূর্বক অত্র দপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। কারণ দর্শানো নোটিশটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

ডায়েরী নং ৪২
সিস্টেম এনালিস্ট
প্রোগ্রামার ১/২
সহকারী প্রোগ্রামার ১/২/৩/৪
[illegible]
[illegible]
[illegible]
[illegible]

তারিখঃ ১১/১/২৫
জরুরী/অতি জরুরী
প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নথিতে পেশ করুন
আলোচনা করুন
নথিতে রাখুন

১৪/০১/2021
সিনিয়র সিস্টেম এনালিস্ট
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

E:\Rashed\Letter\Showcause.docx31